
NSW GOVERNMENT

# বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন মূল্যায়ন প্রক্রিয়া

## পিতা-মাতা এবং অভিবাবকদের জন্য নির্দেশিকা

**বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন মূল্যায়ন প্রক্রিয়া একটি স্টেট (বা রাজ্য) ভিত্তিক পরীক্ষা যার মাধ্যমে কিন্ডারগার্টেন শুরু হওয়ার আগেই শিক্ষকরা প্রতিটি শিক্ষার্থীর ইংরেজি স্বাক্ষরতা এবং সংখ্যাজ্ঞান দক্ষতা বুঝতে পারে।**




শিশুরা বিভিন্ন ধরনের প্রাক শিক্ষা এবং সংখ্যা জ্ঞান, তাদের আশেপাশের জগৎ এবং মানুষের সাথে সম্পর্ক স্থাপনের মাধ্যমে অর্জিত বোঝাপড়া নিয়ে স্কুল শুরু করে। বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন মূল্যায়ন প্রক্রিয়াতে স্বাক্ষরতা এবং সংখ্যাজ্ঞান উভয় ধরনেরই উপাদান রয়েছে এবং এর মাধ্যমে শিক্ষকদের প্রতিটি শিক্ষার্থীর অনন্য শক্তি এবং চাহিদা সম্পর্কে জ্ঞান দেয়।

শিক্ষার্থীরা কি জানে তার উপর ভিত্তি করে শিক্ষা প্রদান এবং শিক্ষা সূচী তৈরী করতে মূল্যায়ন প্রক্রিয়া শিক্ষকদের সাহায্য করে। শিক্ষার্থীরা কি করতে পারে তার উপর নজর দেয়ার জন্য শিক্ষকরা প্রতিটি শিক্ষার্থীর সাথে পৃথকভাবে বসে। আপনার সন্তানের মূল্যায়নের জন্য প্রস্তুত বা অধ্যয়নের প্রয়োজন নেই। যেহেতু শিশুরা বিভিন্ন হারে শেখে, আপনার সন্তান যদি সকল প্রশ্নের উত্তর দিতে না পারে তবে উদ্বিগ্ন হওয়ার দরকার নেই।

মূল্যায়ন প্রক্রিয়া সমাপ্তির অল্প সময়ের মধ্যে, শিক্ষকরা মূল্যায়ন প্রক্রিয়া চলাকালীন আপনার সন্তানের প্রদর্শিত দক্ষতা, জ্ঞান এবং বোঝার বিষয়ে আপনাকে তথ্য সরবরাহ করবে।

বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন মূল্যায়ন প্রক্রিয়ায় সকল শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করা হয়। যদি ইংরেজি আপনার বাড়িতে প্রধান ভাষা হিসাবে ব্যবহার না হয় বা আপনার সন্তানের সমন্বয়ের প্রয়োজন হয়, তবে আপনার শিশুকে কীভাবে সহায়তা করা যেতে পারে সে সম্পর্কে আরও তথ্যের জন্য আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

### স্বাক্ষরতার মূল্যায়ন প্রক্রিয়া

শিক্ষার্থীরা তাদের নাম লিখতে, শব্দ চিনতে, অক্ষর এবং পরিচিত শব্দগুলো চিনতে পারে কিনা এবং সংক্ষিপ্ত পরিসরের বইগুলো যেগুলো তাদের পড়ে শোনানো হয়েছে, সেগুলোর তারা বিস্তারিত মনে করতে পারে কিনা তা সনাক্ত করার জন্য স্বাক্ষরতার পরীক্ষাগুলো সাজানো হয়েছে।

স্বাক্ষরতা মূল্যায়নের সময় শিক্ষকরা আপনার সন্তানকে এই ধরনের প্রশ্ন করবেন:

- "এই শব্দগুলো শুন: map, tap। তোমরা কি একই তালের বা রাইমের অন্য শব্দ মনে করতে পারো?"
- (একটি ছোট বই পড়ার পর) 'তুমি কি আমাকে এই গল্প সম্পর্কে বলতে পারবে যে গল্পটি আমি তোমাকে এইমাত্র শোনালাম? '

এই প্রশ্নগুলো শিক্ষকদের বুঝতে সাহায্য করবে যে আপনার শিশু একই শব্দগুলো সনাক্ত করতে পারে কিনা এবং তাদের কাছে পড়া ছোট বই থেকে তথ্য স্মরণ করতে পারে কিনা।। এগুলো গুরুত্বপূর্ণ স্বাক্ষরতা বিষয়ক দক্ষতা যা শিশুরা স্কুলের প্রথম বছরে আয়ত্ত করে থাকে।

### সংখ্যাসূচক মূল্যায়ন

সংখ্যাসূচক পরীক্ষাগুলো মূলতঃ প্রাথমিক সংখ্যা ধারনা এবং এমনভাবে সাজানো হয় যাতে চিহ্নিত করা যায় শিক্ষার্থীটি কত ভালো গুনতে পারে, কোন সংখ্যাগুলো তারা চিনতে পারে, কোন বস্তু গুনতে পারে কি না, ছোট সংখ্যা যোগ বা বিয়োগ করা; এবং রিপিটিং প্যাটার্ন চিনতে পারে কি না।

সংখ্যাসূচক মূল্যায়নের সময় শিক্ষকরা এই ধরনের প্রশ্ন করবে:

- 'গুনতে শুরু কর এবং আমি তোমাকে বলবো কখন থামতে হবে।'
- 'তুমি কি আমাকে বলতে পারো এই সংখ্যাটি কি?' (5)

এই প্রশ্নগুলো শিক্ষকদের বুঝতে সাহায্য করবে যে আপনার শিশু সংখ্যা চিনে কিনা এবং এক থেকে শুরু করে গুনতে পারে কিনা। এগুলো গুরুত্বপূর্ণ সংখ্যাসূচক বিষয়ক দক্ষতা যা শিশুরা স্কুলের প্রথম বছরে আয়ত্ত করে থাকে।

**বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানতে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন।**

**আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তবে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবার সাথে যোগাযোগ করুন। তারা স্কুলের সাথে কথোপকথনে সহায়তা করার জন্য আপনার ভাষায় একজন দোভাষীর ব্যবস্থা করতে পারে। এই পরিষেবার জন্য আপনাকে কোন অর্থ দিতে হবে না।**